জে এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

সময় — ২ ঘণ্টা; পূর্ণমান — ২৫+২৫=৫০

সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন

মান — ২৫

[দ্রষ্টব্য : যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ৫।]

১. স্প্রেডশিট ব্যবহারের কৌশল বর্ণনা করো।

২. টীকা লিখ : (যে কোন ২টি) ক) হাব খ) সুইচ গ) রাইটার

৩. কম্পিউটার ভাইরাস কত প্রকার ও কী কী? বর্ণনা কর।

৪. জিপিএস সম্পর্কে বর্ণনা করো।

৫. ভাইরাস কাকে বলে? এর প্রকারভেদ বর্ণনা কর।

৬. হ্যাকিং সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৭. নেটওয়ার্কের সাথে সম্পর্কে আছে এরকম ৫টি যন্ত্রপাতির বর্ণনা দাও।

৮. কম্পিউটারের নেটওয়ার্ক টপোলজি কী? আলোচনা কর।

সময় -২৫ মিনিট পূর্ণমান ২৫ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড: ১ ৫ ৪

সঠিক উত্তরটিতে টিক চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১।

১. কোনটির কারণে প্রতিনিয়ত কাজের ধরন বদলে যাচ্ছে?
ক) ইন্টারনেট খ) মোবাইল
গ) আইসিটি ঘ) কাম্পিউটার

২. কোনটির মাধ্যমে লিখিত তথ্য ও ছবি তাৎক্ষণিকভাবে প্রেরণ করা যায়?
ক) রেডিও খ) টেলিফোন
গ) ফ্যাক্স ঘ) মোবাইল ফোন

৩. চট্টগ্রামে নৌ-কমান্ডোদের দ্বারা পরিচালিত অভিযানটি কত তারিখে পরিচালিত হয়?
ক) ১৯৭১ সালের ১৪ আগস্ট
খ) ১৯৭১ সালের ১৫ আগস্ট
গ) ১৯৭১ সালের ১৬ আগস্ট
ঘ) ১৯৭১ সালের ১৭ আগস্ট

৪. তথ্যপ্রযুক্তির ব্যবহার করে রোগীর শরীরের ভেতরের ত্রিমাত্রিক ছবি তৈরি করে কোনটি?
i. প্রোটন টমোগ্রাফি
ii. ফোটন এমিশন টমোগ্রাফি
iii. পজিট্রন এমিশন টমোগ্রাফি
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii গ) iii ঘ) i, ii ও iii

৫. জরুরি প্রয়োজনে ডাক্তার না পেলে কোনটি আমাদের চিকিৎসার ব্যাপারে সাহায্য করতে পারে?
ক) টেলিভিশন খ) টেলিমেডিসিন
গ) মেডিসিন ঘ) ই-মেইল

৬. ১টি কম্পিউটার যদি ১০টি কম্পিউটারে তথ্য প্রদান করে তবে এখানে ক্লায়েন্ট কতগুলো?
ক) ১০টি খ) ৯টি গ) ১০টি ঘ) ৫টি

৭. পিপীলিকার ক্ষেত্রে কোনটি সত্য নয় —
i. এটি একটি জনপ্রিয় সামাজিক নেটওয়ার্ক
ii. এটি ক্লাউড কম্পিউটিং ব্যবহার করে
iii. এটি একটি বাংলা মার্চ ইঞ্জিন
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii গ) iii ঘ) i ও ii

৮. রাউটার এর প্রধান কাজ কোনটি?
ক) দুটি ভিন্ন প্রটোকলের অধীনে দুটি নেটওয়ার্ককে একত্র করা
খ) ডেটা বা উপাত্তকে পথ নির্দেশনা দেওয়া
গ) ডেটা ডেটাবেজে সংরক্ষণ করা
ঘ) কোনটিই নয়

৯. অপটিক্যাল ফাইবার কী দ্বারা তৈরি?
ক) উন্নতমানের তামার তার
খ) কাচতন্তু
গ) ইস্পাত ও জিংক গুঁড়ার মিশ্রণ
ঘ) বৈদ্যুতিক তারের উপাদান

১০. জিওস্টেশনারী স্যাটেলাইট কত সালে স্থাপন করা হয়?
ক) ১৯৬০ সালে খ) ১৯৬৪ সালে
গ) ১৯৬৫ সালে ঘ) ১৯৬৬ সালে

১১. প্রথম যে ভাইরাস বিধ্বংসী আচরণ শুরু করে তার নাম কী?
ক) ব্রেইন খ) নিমডা
গ) এলক ক্লোজার ঘ) ভিয়েনা

১২. মাইকেল ক্যালসি ২০০০ সালে যেসব প্রতিষ্ঠান হ্যাক করে তা হলো—
i. ডেল ii. ইয়াহু
iii. আমাজন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

নিচের অনুচ্ছেদ হতে ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:
সুমি একটি ফেসবুক অ্যাকাউন্ট খুলল। সে তার অ্যাকাউন্টের সুরক্ষার জন্য একটি কঠিন পাসওয়ার্ড ব্যবহার করল।

১৩. পাসওয়ার্ডের সুরক্ষার জন্য যে পদ্ধতি ব্যবহার করা হয় তার নাম কী?
ক) Captcha খ) Keepas
গ) Panda ঘ) Pingpong

১৪. সুমী কোন কঠিন পাসওয়ার্ড ব্যবহার করল?
ক) ভাইরাস থেকে রক্ষার জন্য
খ) সহজে মনে রাখার জন্য
গ) হ্যাকিং-এর হাত থেকে বাঁচার জন্য
ঘ) স্বাচ্ছন্দ্যে ব্যবহার করার জন্য

১৫. বাংলাদেশের তথ্য কমিশনের ওয়েবসাইট কোনটি?
ক) www.infocom.gov.bd
খ) www.info.gov.bd
গ) www.infocom.bd.com
ঘ) www.info.bd.com

১৬. নতুন ওয়ার্কশিট খুলতে কী-কোর্ডের কোন বোতাম চাপতে হয়?
ক) Shift+A খ) Alt+n
গ) Tab+n ঘ) Ctrl+n

নিচের চিত্র হতে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:

	A	B	C	D	E	F
1	Name	Bangla	Engliah	Computer	Math	Total
2	Rony	80	75	85	90	
3	Sony	72	80	80	85	
4	Rahim	75	85	75	80	

১৭. Sony-এর কম্পিউটারের প্রাপ্ত নম্বরের Cell Address কোনটি?
ক) D2 খ) D3
গ) D4 ঘ) C4

১৮. উদ্দীপকের চারটি বিষয়ের যোগফল বের করার জন্য নিচের কোনটি প্রযোজ্য?
i. ∑Autosum
ii. B2 + C2 + D2 + E2
iii. = B2 + C2 + D2 + E2
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৯. ওয়াই-ফাই কী?
ক) তারবিহীন ইন্টারনেট
খ) ই-মেইল
গ) তারযুক্ত ইন্টনেট
ঘ) সার্চ-ইঞ্জিন

২০. বর্তমানে বইয়ের বিকল্প হিসেবে কোনটি বেশ প্রচলিত হয়ে উঠেছে?
ক) ই-বুক খ) পত্রিকা
গ) ম্যাগাজিন ঘ) ফেসবুক

২১. কোনটি ইয়াহুর ওয়েব ঠিকানা?
ক) www.yahoo.com
খ) www.yahoo.bd
গ) www.yahoo.gov.bd
ঘ) www.yahoo.edu.com

২২. ই-মেইলের সাথে যুক্ত করা যায়—
i. ওয়ার্ড ডকুমেন্ট ii. এক্সেল ফাইল
iii. ছবি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৩. গুগল হলো—
i. জনপ্রিয় সার্চ ইঞ্জিন
ii. বাংলা ও ইংরেজি ভাষাতে তথ্য খুঁজে বের করা যায়
iii. এটি সফটওয়্যার হিসেবে ব্যবহৃত হয় না
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪. EPOS-এর পূর্ণরূপ কী?
ক) ইলেক্ট্রিক পোর্ট অব সেল
খ) ইলেকট্রিক পয়েন্ট অব সেল
গ) ইলেকট্রিক পোর্ট অব সেল
ঘ) ইলেকট্রনিক পয়েন্ট অব সেল

২৫. ই-পুর্জি হলো—
ক) জমি ক্রয়ের অনুমতিপত্র
খ) ইক্ষু সরবরাহের অনুমতিপত্র
গ) জমি বিক্রয়ের অনুমতিপত্র
ঘ) এক ধরনের দলিল

উত্তরমালা

১	গ	২	গ	৩	খ	৪	গ	৫	খ	৬	গ	৭	গ	৮	খ	৯	খ	১০	খ	১১	ক	১২	ঘ	১৩	ক	১৪	গ	১৫	ক	১৬	ঘ
১৭	খ	১৮	খ	১৯	ক	২০	ক	২১	ক	২২	ঘ	২৩	ক	২৪	ঘ	২৫	খ														